



## বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/সংস্থাপন-১০(১৩)/৪২৫

তারিখ : ২৩/০৭/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ক্যাডেট মাদরাসা অবৈধ ব্যবসা পরিচালনা সংক্রান্ত।

সূত্রঃ নং-৫৭.০০.০০০০.০৮৫.০২৭.১৫.১৭.৫০৫ তারিখ: ১৬ জুলাই, ২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ক্যাডেট মাদরাসার অবৈধ ব্যবসা পরিচালনার বিষয়ে মন্ত্রণালয়ের গৃহীত নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের নিমিত্ত নির্দেশনা প্রদান করা হয়েছেঃ

### সিদ্ধান্তসমূহঃ

- আগামী ৩ মাসের মধ্যে অননুমোদিতভাবে প্রতিষ্ঠিত ক্যাডেট মাদরাসাসমূহকে শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য সরকারি অনুমতি গ্রহণ করতে হবে;
- প্রতিষ্ঠানের নামকরণ থেকে “ক্যাডেট ও ইন্টারন্যাশনাল” শব্দ ২(দুই)টি বাদ দিতে হবে;
- জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) ও বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত বই পড়া ও পাঠদান নিশ্চিত করতে হবে;
- মাদরাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, জেলা প্রশাসক, জেলা শিক্ষা অফিসার, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার এসব প্রতিষ্ঠান নিয়মিত নজরদারী করবে;
- মাদরাসা ব্যবস্থাপনা কমিটিতে ১(এক) জন জেলা/উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি থাকবে;
- জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীত আব্যাসিক ভাবে পরিচালনা করতে হবে;
- জাতীয় দিবসসমূহ বাধ্যমূলকভাবে পালন করতে হবে;
- মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন ও মনিটরিং করতে হবে;
- মাদরাসা শিক্ষা বোর্ড হতে রেজিস্ট্রেশন গ্রহণ করতে হবে;
- ছাত্র-ছাত্রীদের বেতন-ভাতা/টিউশন ফি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় নির্ধারণপূর্বক পরিশোধ নিশ্চিত করতে হবে; এবং
- প্রতিষ্ঠানসমূহে নিয়মিত অডিট কার্যক্রম পরিচালনা করতে হবে।

শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অত্র বোর্ডের অধিভুক্ত দেশের সকল দাখিল ও আলিম মাদরাসার সুপার/অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট মাদরাসার পরিচালনা কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সুপার/অধ্যক্ষ; এবং

২) সভাপতি, ম্যানেজিং কমিটি/গভার্ণিং বডি

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত দেশের সকল দাখিল ও আলিম স্তরের মাদরাসা।

নং- বামাশিবো/সংস্থাপন-১০(১৩)/৪২৫(৭)

তারিখ : ২৩/০৭/২০১৭ খ্রিঃ

### বিতরণ- জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- জনাব মোঃ আবদুল খালেক, সহকারী সচিব (মাদরাসা-২), কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
(তাকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
- সহকারী পরিদর্শক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড আঞ্চলিক শাখা, রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/খুলনা/ময়মনসিংহ/বরিশাল/সিলেট/কুমিল্লা।
- পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪